# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

## ৩৪ তম গভর্নিং বডি সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব ডাঃ গাজী মিজানুর রহমান |
| সদস্য সচিব | ঃ জনাব অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস |
| ভেন্যু | ঃ কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ হাসপাতাল, সোনাডাঙ্গা, খুলনা। |
| তারিখ | ঃ ১৩ অক্টোবর ২০১৮, বেলা ১২.০০ মি. |

গাজী মেডিকেল কলেজের সম্মানিত চেয়ারম্যান এবং গভর্নিং বডির সভাপতি জনাব ডা. গাজী মিজানুর রহমান সভায় উপস্থিত রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয় কর্তৃক অনুমোদিত গভর্নিং বডির স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি ও স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি যারা সুদূর ঢাকা থেকে এখানে এসে সভায় যোগদান করেছেন তাদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সভার শুরুতে গভর্নিং বডির সভাপতি জনাব ডা. গাজী মিজানুর রহমান এর মায়ের মৃত্যুতে একটি শোক প্রস্তাব আনা হয় এবং তার বিদেহী আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

**সভার আলোচ্যসূচী ও গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ**

**১। পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদনঃ**

সভার শুরুতে পূর্ববর্তী সভা (৩৩ তম সভার) -এর কার্যবিবরণী পাঠ করেন অধ্যক্ষ জনাব অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস। পূর্ববর্তী সভার কার্যবিবরণী এর কিছু সংশোধনী (যা নিম্নে উপস্থাপন করা হলো) এনে কার্যবিবরণীর অনুমোদন দেয়া হয়।

- সভার শুরুতে পূর্ববর্তী সভার রেজুলেশন পঠন ও অনুমোদনের সময় পূর্ববর্তী সভার ৪ (খ) { উপাধ্যক্ষ মহোদয় উপস্থিত সকলকে অবহিত করেন যে, পূর্ববর্তী রেজুলেশনে উল্লেখিত কলেজের প্রাতিষ্ঠানিক, অবকাঠামোগত, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য অনেক কাজ করা হয়েছে। সভায় উপস্থিত মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিগণ কলেজ ও হাসপাতালের নামে পৃথক জমি আছে কিনা এবং তা বর্তমান ক্যাম্পাসের পাশে কিনা জানতে চাইলে উপাধ্যক্ষ মহোদয় এ বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন। গাজী মেডিকেল কলেজের চেয়ারম্যান ডাঃ গাজী মিজানুর রহমান বলেন, নতুন কলেজ ক্যাম্পাসটি বর্তমান কলেজ ক্যাম্পাস থেকে ৩০০ মিটার দূরে অবস্থিত এবং সেক্ষেত্রে কি করনীয় তা তিনি উপস্থিত সদস্যবৃন্দের কাছে প্রশ্ন করেন। সভাপতি মহোদয়ের প্রশ্নের উত্তরে মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব বেগম বদরুন নেছা, স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ এবং বিশ্ববিদ্যালয়ের জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল আহাদ এবং জনাব ডাঃ এম, এ, শামসুল আরেফিন সহ সকলেই সহমত প্রকাশ করেন যে, যেহেতু মেডিকেল কলেজ হাসপাতালটি ৩০ (ত্রিশ) বছর পুরানো এবং প্রতিষ্ঠিত একটি মাল্টি-ডিসিপ্লিনারি হাসপাতাল সেহেতু এই দূরত্ব সহনীয় দূরত্ব। ফলে উক্ত স্থানে কলেজ ক্যাম্পাস নির্মাণের অনুমোদন প্রদান করা হয়। তবে উক্ত ক্যাম্পাসে যদি সম্ভব হয় একটি বিশেষায়িত হাসপাতাল করার অনুমোদন দেয়া যেতে পারে বলে সভায় মতামত প্রকাশ করা হয়। পাশাপাশি নতুন ক্যাম্পাসের কাজ নতুন বর্ষপঞ্জিতে শুরু করারও অনুমোদন দেয়া হয়।}এর অনুচ্ছেদটি নিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব বেগম বদরুন্নেছা আপত্তি জানান এবং বিষয়টি বাতিল করার প্রস্তাবনা উত্থাপন করেন। পরবর্তীতে উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার ৪ (খ) অনুচ্ছেদটি বাতিলপূর্বক পূর্ববর্তী সভার রেজুলেশন অনুমোদন করা হয়।

- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি বেগম বদরুন্নেছা এবং স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি মেডিকেল এডুকেশনের পরিচালক অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদসহ সকল সদস্যবৃন্দ কলেজের প্রফেশনাল পরীক্ষার ফলাফল এবং একাডেমিক কার্যক্রম পরিচালনায় সন্তোষ প্রকাশ করেন এবং ধারাবাহিকতা বজায় রাখার জন্য সুপারিশ করেন।

**২। অত্র কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি সম্পর্কিতঃ**

বিগত শিক্ষাবর্ষের ভর্তি কমিটির আদলে ২০১৮-১৯ শিক্ষাবর্ষের জন্য একটি প্রাথমিক ভর্তি কমিটি গঠন করে এর অনুমোদন দেয়া হয়। সদস্যরা হলেন অত্র কলেজের অধ্যক্ষ (কমিটির আহবায়ক), উপাচার্য মহোদয় কর্তৃক মনোনীত ০২ জন প্রতিনিধি এবং অত্র কলেজের ০৩ জন শিক্ষক অর্থাৎ উপাধ্যক্ষ ডাঃ বঙ্গ কমল বসু, অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস এবং ডাঃ মোঃ লস্কর শওকতউজ্জামান। উক্ত কমিটিতে রা.মে.বি. এর প্রতিনিধি হিসাবে মাননীয় উপাচার্য মহোদয় যাদের মনোনয়ন দিবেন তাদের অন্তর্ভূক্ত করা হবে।

**৩। রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় ও বিএমএন্ডডিসি এর রেজিস্ট্রেশন সম্পর্কিতঃ**

ক) রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় হতে গাজী মেডিকেল কলেজ, খুলনা এর ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের এফিলিয়েশন প্রদান করেছে। রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ইতিমধ্যে অত্র কলেজে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের অনলাইন রেজিষ্ট্রেশন করা হয়েছে।

খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) ১৩/০১/২০১৫ ইং তারিখে গাজী মেডিকেল কলেজকে ২০১১-১২ শিক্ষাবর্ষ হতে পরবর্তী ০২ বছরের জন্য অনুমোদন/ স্বীকৃতি প্রদান করে। তারপর বিগত ২৮/০৪/২০১৬ ইং তারিখে স্বীকৃতি বর্ধিতকরনের লক্ষ্যে বিএমডিসি এর চাহিদা মোতাবেক তথ্যাদি ও পুনঃ পরিদর্শন ফিসহ আবেদন করলে অদ্যাবধি কোন পরিদর্শন হয়নি। এ প্রসঙ্গে অত্র কলেজের উপাধ্যক্ষ মহোদয় জানান, বিএমডিসি অতি শীঘ্রই তাদের পরিদর্শন সম্পন্ন করবেন।

**৪। চাকুরীর মেয়াদকাল বৃদ্ধি/ নিয়মিতকরণ/ পদোন্নতি ইত্যাদি সম্পর্কিতঃ**

অত্র কলেজের অধ্যক্ষ ও চক্ষু বিভাগের প্রধান অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস, এনাটমী বিভাগের প্রধান অধ্যাপক ডাঃ দুলাল কৃষ্ণ মন্ডল এবং মেডিসিন বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ মনোসন্তোষ মল্লিক এর চাকুরীর মেয়াদকাল বৃদ্ধির জন্য গত ০১/০৩/২০১৮ ইং তারিখে রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয় বরাবর আবেদন করা হয়। বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

**৫। বিবিধঃ**

ক) **চাকুরী নিয়মিতকরণ/ পদোন্নতি ইত্যাদি সম্পর্কিতঃ**
বিগত ০১/০৭/২০১৮ ইং তারিখে অত্র কলেজে ফিজিওলজী বিভাগে নিম্নে উল্লেখিত একজন সহকারী অধ্যাপক এবং ০১/০৯/২০১৮ ইং তারিখে বিভিন্ন বিভাগে ০৯ জন প্রভাষকবৃন্দকে নিয়োগ প্রদান করা হয়েছে।

| ক্র. নং | নাম | পদবী | বিভাগ | যোগদানের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ডাঃ আরিফা বেগম | সহকারী অধ্যাপক | ফিজিওলজী | ০১/০৭/২০১৮ | |
| ০২ | ডাঃ মোঃ তারিকুল ইসলাম | প্রভাষক | এনাটমী | ০১/০৯/২০১৮ | |
| ০৩ | ডাঃ মোঃ মেহেদী হাসান | প্রভাষক | এনাটমী | ০১/০৯/২০১৮ | |
| ০৪ | ডাঃ সামিহা সালওয়া প্রমি | প্রভাষক | এনাটমী | ০১/০৯/২০১৮ | |
| ০৫ | ডাঃ রওনক আরা রায়হান | প্রভাষক | ফিজিওলজী | ০১/০৯/২০১৮ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৬ | ডাঃ রাকেশ মন্ডল | প্রভাষক | কমিউনিটি মেডিসিন | ০১/০৯/২০১৮ | |
| ০৭ | ডাঃ মাকছুদা চৌধুরী | প্রভাষক | মাইক্রোবায়োলজী | ০১/০৯/২০১৮ | |
| ০৮ | ডাঃ শ্রাবন্তী রানী কান্তা | প্রভাষক | ফার্মাকোলজী | ০১/০৯/২০১৮ | |
| ০৯ | ডাঃ মোঃ রাকিবুল ইসলাম | প্রভাষক | ফার্মাকোলজী | ০১/০৯/২০১৮ | |
| ১০ | ডাঃ নিপা রায় | প্রভাষক | প্যাথলজী | ০১/০৯/২০১৮ | |

নিয়োগপ্রাপ্ত সকলকে অত্র কলেজের নিয়োগ কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়োগ প্রদান করায় সদস্যবৃন্দ তাদের নিয়োগ নিয়মিতকরনের সুপারিশ করেন।

**খ) সিএমই সম্পর্কিতঃ**

- নিম্নলিখিত সময়সূচী অনুসারে বিষয়ভিত্তিক সভা চলছে-

| বিভাগ | সভার সময়সূচী | বিভাগ | সভার সময়সূচী |
|---|---|---|---|
| এনাটমি | প্রতিমাসের ১ম বৃহস্পতিবার | ফার্মকোলজি | প্রতিমাসের ১ম শনিবার |
| বায়োকেমিস্ট্রি | প্রতিমাসের ১ম বুধবার | মাইক্রোবায়োলজি | প্রতিমাসের ১ম শনিবার |
| ফিজিওলজি | প্রতিমাসের ১ম বুধবার | মেডিসিন | প্রতিমাসের ১ম রবিবার |
| কমিউনিটি মেডিসিন | প্রতিমাসের ১ম শনিবার | সার্জারি | প্রতিমাসের ১ম রবিবার |
| ফরেনসিক মেডিসিন | প্রতিমাসের ১ম বুধবার | গাইনি | প্রতিমাসের ১ম রবিবার |
| প্যাথলজি | প্রতিমাসের ১ম শনিবার | - | |

- নিম্নলিখিত সময়সূচী অনুসারে ফেজ সমন্বয় সভা ও একাডেমিক সভা চলছে-

| বিভাগ | সভার তারিখ |
|---|---|
| ফেজ-০১ | প্রতি দ্বিতীয় মাসের ২য় বৃহস্পতিবার |
| ফেজ-০২ | প্রতি দ্বিতীয় মাসের ২য় রবিবার |
| ফেজ-০৩ | প্রতি দ্বিতীয় মাসের ২য় রবিবার |
| ফেজ-০৪ | প্রতি দ্বিতীয় মাসের ২য় রবিবার |
| একাডেমিক সমন্বয় সভা | প্রতি তৃতীয় মাসের ৩য় শনিবার |
| একাডেমিক কাউন্সিল সভা | প্রতি চতুর্থ মাসের ২য় শনিবার |

- একটি সেমিনার হয়েছে "Overview of Curriculum for Under-Graduate Medical Education in Bangladesh - updated 2012"
- স্বাস্থ্য পেশাজীবী শিক্ষায় নিয়োজিত শিক্ষকবৃন্দের শিখন-প্রশিক্ষন ও মূল্যায়ন পদ্ধতির "Teaching methodology and assessment for the teachers of health professionals education institutes" এর উপর অনুষ্ঠিতব্য ০৫ দিন ব্যাপী সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সিএমই) এর প্রশিক্ষণ কর্মসূচীতে গাজী মেডিকেল কলেজ, খুলনা এর এই পর্যন্ত ০২ জন শিক্ষক প্রতিনিধি অংশগ্রহন করছেন।

সভার আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে শারদীয় শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১০/১৮

অধ্যাপক ডা. মনোজ কুমার বোস,
সদস্য সচিব, পরিচালনা পর্ষদ এবং
অধ্যক্ষ, গাজী মেডিকেল কলেজ